# শিশু পরিচর্যা কার্যসম্পাদন সামারি কার্ড
# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

**কর্মক্ষমতা সামারি কার্ড কি?**

এই কার্যসম্পাদন সামারি কার্ডটি, **নিউইয়র্ক রাজ্যের আইন** অনুসারে প্রয়োজনীয় এবং **নিউইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ (New York City Health Department)** দ্বারা ইস্যুকৃত, শিশু পরিচর্যা প্রকল্পসমূহ বর্তমান ঠিকানায় কত বছর ধরে কাজ করছে এবং সর্বোচ্চ কত জন শিশু এই প্রকল্পের পরিচর্যার আওতায় থাকতে পারে তা সহ মূল তথ্য প্রদর্শন করে।

**কোন শিশু পরিচর্যা প্রকল্পকে তার কার্যসম্পাদনের সামারি কার্ড কোথায় প্রকাশ করতে হয়?**

শিশু পরিচর্যা গ্রুপ অপারেটরদের তাদের প্রকল্পের প্রবেশদ্বারে এই কার্ড লাগিয়ে রাখতে হবে, যা সামনের দরজা অথবা অন্য মূল প্রবেশদ্বার থেকে 2 ফুটের মধ্যে এবং 4 থেকে 6 ফুট উচ্চতার মধ্যে থাকতে হবে। কার্ডটি পিতা–মাতা এবং কেন্দ্রে প্রবেশকারী অন্যান্যদের কাছে স্পষ্টভাবে দৃশ্যমান হওয়া আবশ্যক।

- যেসব কেন্দ্রে সামনের জায়গা আছে সেখানে বাইরের প্রবেশপথের জানালায় অথবা ভিতরের প্রবেশপথের ভেস্টিবিউলে কার্ডটি রাখতে হবে।
- যে সব কেন্দ্র বড় বড় বিল্ডিংয়ে আছে সেখানে কেন্দ্রের প্রবেশপথের পরবর্তী হলে কার্ডটি রাখতে হবে।
- যে সব কেন্দ্রের একাধিক প্রবেশপথ রয়েছে সেখানে প্রধান প্রবেশপথে কার্ডটি রাখতে হবে।

যদি কোন কেন্দ্র এখনও কার্ডটি রাখার স্থান নির্দিষ্ট করতে পারে তাহলে তাকে বরো অফিসে ফোন করতে হবে, যেখান থেকে স্বতন্ত্র নির্দেশিকা প্রদান করা হবে।

**কখন শিশু পরিচর্যা প্রকল্পকে কার্ডটি প্রকাশ করতে হবে?**

প্রকল্পসমূহকে 2018 সালের 1লা ফেব্রুয়ারীর মধ্যে অবশ্যই কার্ডটি প্রকাশ করতে হবে। উক্ত সময়ের মধ্যে প্রকাশ করতে না পারলে স্বাস্থ্য বিভাগ 1লা এপ্রিল 2018 থেকে সমন জারি করবে।

**কোন শিশু পরিচর্যা প্রকল্প কি এই কার্ডের ফটোকপি বা ফ্যাক্স সংস্করণ সাঁটাতে পারে?**

না, স্বাস্থ্য বিভাগ দ্বারা ইস্যু করা আসল কার্ডই প্রকল্প প্রদানকারীকে সাঁটাতে হবে।

**শিশু পরিচর্যা প্রকল্প কি আপডেট করা কার্ডের অনুরোধ করতে পারে?**

হ্যাঁ, 311 নম্বরে স্বাস্থ্য বিভাগে ফোন করে প্রকল্প প্রদানকারী আপডেট করা কার্ডের অনুরোধ করতে পারেন। উক্ত কার্ড পাওয়ার পর অবিলম্বে তা সাঁটাতে হবে। পুরনো হয়ে যাওয়া সামারি কার্ডটি নষ্ট করে ফেলতে হবে।

**কোন শিশু পরিচর্যা প্রকল্প প্রদানকারী কি কার্ডটি সরাতে পারে?**

প্রকল্প প্রদানকারী কেবল তখনই আগেকার কার্ড সরাতে পারবে যদি সেই স্থানে আপডেট করা কার্ড লাগানো হয়।

**যদি কার্ডটি নষ্ট বা বিকৃত হয়ে যায় তাহলে শিশু পরিচর্যা প্রকল্প প্রদানকারীকে কী করতে হবে?**
তখন সেই প্রকল্প প্রদানকারীকে 311 নম্বরে স্বাস্থ্য বিভাগে ফোন করে কার্ড বদলানোর অনুরোধ করতে হবে। অনুরোধ পাওয়ার পর, স্বাস্থ্য বিভাগ কেন্দ্রকে একটি কনফার্মেশন ইমেল পাঠাবে। কেন্দ্রগুলোকে এই ইমেলটি রাখতে হবে যা কার্ড বদলের জন্য অপেক্ষামান থাকলে পরিদর্শনের সময় দরকার হবে। যদি কোন কেন্দ্র পরিদর্শকের সঙ্গে কনফার্মশন ইমেল শেয়ার করে তাহলে কোন পরিদর্শক কর্মদক্ষতার সামারি কার্ডটি পোস্ট করতে না পারার কারণে উলঙ্ঘনের বিজ্ঞপ্তি ইস্যু করবে না। অনুগ্রহ করে মনে রাখবেন একটি নতুন কার্ড পেতে 14 ব্যবসায়িক দিন লাগতে পারে।

**যদি কার্ডের তথ্য ভুল বলে শিশু পরিচর্যা প্রকল্প প্রদানকারীর মনে হয় তাহলে কি করতে হবে?**
তাহলে প্রকল্প প্রদানকারীকে 311 নম্বরে ফোন করতে হবে। পর্যালোচনার পরে যদি, স্বাস্থ্য বিভাগ নির্ধারণ করে যে বর্তমান কার্ডের তথ্য ভুল তাহলে প্রকল্প প্রদানকারীকে সংশোধিত কার্ড দেওয়া হবে। তবে সংশোধিত কার্ড না পাওয়া পর্যন্ত আগের কার্ডটি লাগানো থাকতে হবে।

**প্রকল্পে নথিভুক্ত শিশুদের সংখ্যা "পরিচর্যায় মঞ্জুরিপ্রাপ্ত শিশু (Children Allowed in Care)" এর পরে লেখা থাকা সংখ্যার থেকে পৃথক কেন?**
"পরিচর্যায় মঞ্জুরিপ্রাপ্ত শিশু" এর পরে যে নম্বর থাকে তা হল উক্ত কেন্দ্রের ধারণক্ষমতা ও শিশুদের বয়সের ভিত্তিতে সর্বোচ্চ যত জন শিশু পরিচর্যা পাবে তার সংখ্যা। নথিভুক্ত শিশুদের সংখ্যার থেকে এই নম্বর আলাদা হতে পারে।

**প্রকল্পে কারা কাজ করে তার সংখ্যার থেকে "শিক্ষাকর্মী (Teaching Staff)" এর পরে যে সংখ্যা লেখা থাকে তা পৃথক হয় কেন?**
শিক্ষাকর্মীরা হলেন প্রকল্পে নিযুক্ত শিক্ষা নির্দেশক, শিক্ষা প্রদানকারী নির্দেশক, শিক্ষক ও সহকারী শিক্ষক। "শিক্ষাকর্মী" এর পরে যে সংখ্যা থাকে তা হল শেষবার পরিদর্শনের সময় প্রকল্পে নিযুক্ত কর্মী সংখ্যা অথবা প্রকল্প দ্বারা স্বাস্থ্য বিভাগকে প্রদত্ত সংখ্যা। যদি কার্ডের তালিকার থেকে আরো বেশি বা কম কর্মী থাকে তাহলে প্রকল্পকে 311 নম্বরে ফোন করতে হবে। স্বাস্থ্য বিভাগের রেকর্ডে তা সংশোধনের পর প্রকল্পটি সাঁটানোর জন্য সংশোধিত কার্ড পাবে।

**কোন শিশু পরিচর্যা প্রকল্পসমূহ কার্যসম্পাদন সামারি কার্ড পেয়েছে?**
নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য সম্পর্কিত নিয়মের অনুচ্ছেদ 47 দ্বারা নিয়ন্ত্রিত গ্রুপ শিশু পরিচর্যা প্রকল্পসমূহ কার্যসম্পাদন সামারি কার্ড পেয়েছে।

**কেন কার্যসম্পাদন সামারি কার্ডের নিচের অর্ধেক অংশ খালি থাকে?**
2018 তে, স্বাস্থ্য বিভাগ কেবল কার্ডের উপরের অংশ সম্পূর্ণ করছে। 2019 এর শুরু থেকে, প্রকল্প প্রদানকারী যেসব সংস্থার অন্তত এক বছর ধরে পারমিট আছে তারা নিচের বিভাগের তথ্য সমেত কার্ড পাবেন।

**কার্যসম্পাদন সামারি কার্ডের নিচের অর্ধেক অংশে কি ধরনের তথ্য অন্তর্ভুক্ত থাকবে?**
কার্ডের নিচের অংশে আগের 12 মাসের লঙ্ঘন সম্পর্কিত তথ্য থাকবে। এই তথ্যে নিম্নোক্তগুলি অন্তর্ভুক্ত থাকবে:

- এই প্রকল্প এবং শহর জুড়ে গ্রুপ শিশু পরিচর্যা প্রকল্পসমূহের প্রাথমিক পরিদর্শনে ধরা পড়া সবচেয়ে গুরুতর লঙ্ঘনের গড় সংখ্যা
- এই প্রকল্প এবং শহর জুড়ে গ্রুপ শিশু পরিচর্যা প্রকল্পসমূহের প্রাথমিক পরিদর্শনে ধরা পড়া অন্যান্য লঙ্ঘনের গড় সংখ্যা
- গত 12 মাসে এই প্রকল্পের প্রাথমিক পরিদর্শনে ধরা পড়া সবচেয়ে গুরুতর লঙ্ঘনের মোট সংখ্যা

**প্রাথমিক পরিদর্শন কি?**
প্রাথমিক পরিদর্শন হল গ্রুপ শিশু পরিচর্যা প্রকল্প প্রদানকারী সংস্থার নিয়মিতভাবে নির্ধারিত, অঘোষিত পরিদর্শন। প্রতিটি শিশু পরিচর্যা প্রকল্প প্রদানকারীকে প্রতি 12 মাসে কমপক্ষে দুবার প্রাথমিক পরিদর্শন করা হয়। দুই ধরনের প্রধান পরিদর্শন রয়েছে যা প্রাথমিক পরিদর্শন **নয়**: কোনো লঙ্ঘন সংশোধিত হয়েছিল কিনা তা দেখার জন্য একটি পরিদর্শন বা স্বাস্থ্য বিভাগ দ্বারা প্রাপ্ত কোন অভিযোগের প্রতিক্রিয়ায় একটি পরিদর্শন। হেলথ ইন্সপেক্টর দ্বারা প্রকল্পকে প্রদান করা এবং চাইল্ড কেয়ার কানেক্ট-এ তালিকাভুক্ত পরিদর্শনের রিপোর্ট-এ কি ধরনের পরিদর্শন তা বলা থাকবে।

**লঙ্ঘনের গড় সংখ্যা কি?**
গড় গণনা করার জন্য, প্রাথমিক পরিদর্শনগুলোর সময় ধরা পড়া মোট লঙ্ঘন সংখ্যাকে গত 12 মাসের প্রাথমিক পরিদর্শনের সংখ্যা দিয়ে ভাগ করতে হয়। উদাহরণস্বরূপ, গত 12 মাসে যদি শিশু পরিচর্যা প্রকল্প প্রদানকারীর তিনটি প্রাথমিক পরিদর্শন থাকে এবং প্রথম পরিদর্শনে একটি (1) লঙ্ঘন থাকে, দ্বিতীয় পরিদর্শনের দুটি (2) লঙ্ঘন এবং তৃতীয় পরিদর্শনে শূন্য (0) লঙ্ঘন থাকে তাহলে লঙ্ঘনের গড় সংখ্যা হবে এক (1): (1 + 2 + 0) ÷ 3 = 1।

**সাসপেনশন সামারি কি?**
গত তিন বছরে স্বাস্থ্য বিভাগ যেসব শিশু পরিচর্যা প্রকল্প বন্ধ করেছে তাদেরকে সাসপেনশন সামারি ইস্যু করে। সামারিতে বন্ধের তারিখ, বন্ধের কারণ ও যে তারিখে স্বাস্থ্য বিভাগ প্রকল্প প্রদানকারীকে আবার খোলার অনুমতি দিয়েছে তা অন্তর্ভুক্ত থাকে।

**কেন স্বাস্থ্য বিভাগ কোন শিশু পরিচর্যা প্রকল্প বন্ধ করবে?**
সাসপেনশনের কিছু স্বাভাবিক কারণ হল মেয়াদোত্তীর্ণ পারমিট, অযোগ্য কর্মী, তীক্ষ্ণদন্ত প্রাণীর প্রমাণ ও শিশুদের তত্ত্বাবধানে না রাখা। শিশু পরিচর্যা প্রকল্প প্রদানকারী যদি পরিদর্শনের সময় খুঁজে পাওয়া লঙ্ঘন সংশোধন করে তাহলে স্বাস্থ্য বিভাগ আবার প্রকল্প খোলার অনুমতি দিতে পারে।

**যদি কোন শিশু পরিচর্যা প্রকল্প সাসপেনশনের সামারি পায়, তাহলে সেটি কোথায় সাঁটাতে হবে?**
প্রকল্পটিকে কেন্দ্রের প্রবেশদ্বারে কার্যসম্পাদন সামারি কার্ডের কাছে সাসপেনশন সামারি সাঁটাতে হবে, স্পষ্টভাবে দেখা যায় যায় এমন একটি স্থানে।

**প্রকল্প পরিদর্শনের ফলাফল সম্পর্কে আরো তথ্য কোথায় পাব?**
প্রকল্প পরিদর্শনের ইতিহাস পর্যালোচনা করতে এবং শহর জুড়ে অন্যান্য শিশু পরিচর্যা প্রকল্প প্রদানকারীদের ফলাফলের সঙ্গে তুলনা করতে Child Care Connect এ যান।